

অক্টোবর /২০২১ মাসের উপজেলা কমিটি (মহিলা ও শিশু উন্নয়ন) সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব, সালমা আক্তার খাতুন
মহিলা ভাইস-চেয়ারম্যান ,
উপজেলা পরিষদ , তারাকান্দা ময়মনসিংহ ।

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম
সভার তারিখ : ১৪/১০/২০২১ সময় : বেলা -১১.০০ ঘটিকায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা -সংলগ্ন ক-তে উল্লেখ করা হলো ।

অদ্য ১৪/১০/২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে তার কার্যালয়ে উপজেলা কমিটির(মহিলা ও শিশু উন্নয়ন) সভা অনুষ্ঠিত হয় ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ।

সভাপতির অনুমতিক্রমে মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে , চলতি মাসে তার কার্যালয়ে নারী ও শিশু নির্যাতন সম্পর্কিত কোন অভিযোগ নেই । মহিলা বিষয়ক কর্মকর্তা আরও জানান যে , আগস্ট/সেপ্টেম্বর/২১ মাসে বাল্য বিবাহের কোন অভিযোগ পাওয়া যায় নাই । ভিজিডি কার্যক্রমের আওতায় তারাকান্দায় ১০ টি ইউনিয়নে পুষ্টিচাউল বিতরণ করা হচ্ছে । আইজিএ প্রকল্পের ১২তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম এবং কিশোর- কিশোরী ক্লাব প্রকল্পের কার্যক্রম , মাতৃত্বকাল ভাতার কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন ।

মহিলা ভাইস-চেয়ারম্যান ,
উপজেলা পরিষদ
তারাকান্দা , ময়মনসিংহ ।
সভাপতি ও উপজেলা কমিটি